গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর, সমবায় ভবন,
আগার গাঁও, সিভিক সেক্টর,
শেরে বাংলা নগর,ঢাকা ১২০৭ ।

নং ৩১০

তারিখঃ ১৯/০৭/১০

# সার্কুলার

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সমবায় সমিতি কর্তৃক সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত-২০০২) এর ২৩ ধারা অনুসারে উপ-আইনে বর্ণিত নিবন্ধিত পূর্ণ নাম ও ঠিকানা ব্যবহার না করে সংক্ষিপ্ত ও দূর্বোধ্য নাম ব্যবহার করা হচ্ছে এবং একই সাথে সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন বহির্ভূত ব্যাংকিং পদ্ধতির অনুরূপ আনুষ্ঠানিক দলিলাদি ব্যবহার করা হচ্ছে। এছাড়াও অধিক মুনাফা প্রদানের আশ্বাস প্রদান করে বিভিন্ন লিফলেট ও বিজ্ঞাপনের মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে।

০২। আরও লক্ষ্য করা যাচ্ছে যে, সমবায় সমিতি বিধিমালা ১১ (খ) অনুযায়ী সমবায় সমিতিতে ১৮ বৎসরের কম বয়সের ক্ষেত্রে সহযোগী সদস্য হওয়ার বিধান থাকলেও পলিসি সদস্য, প্রকল্প সদস্য ইত্যাদি নামে সদস্য হিসাবে অর্ন্তভূক্তি করা হচ্ছে যা বিধি বর্হিভূত। তবে সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত-২০০২)এর ২৬(১) ধারা অনুযায়ী সমিতি উহার সদস্য নয় এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে আমানত গ্রহণের সুযোগ থাকায় সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আমানতকারী বা ঋণদাতা হিসেবে অভিহিত করতে পারে।

০৩। সেক্ষেত্রে প্রতি বছর বিধিবদ্ধ অডিটের সময় অডিট অফিসার কর্তৃক সমিতির রেকর্ডপত্র পর্যালোচনান্তে সমিতির নিবন্ধিত পূর্ণ নাম ও ঠিকানা পরিবর্তন/সংক্ষিপ্তকরণ সমবায় সমিতি আইন বিধিও উপআইন বর্হিভূত ব্যাংকিং পদ্ধতির অনুরূপ আনুষ্ঠানিক দলিলাদি ব্যবহার,অধিক মুনাফা প্রদানের আশ্বাস সম্বলিত লিফলেট ও বিজ্ঞাপন বা সমবায় সমিতি আইন ও বিধিবহির্ভূত কোন রেকর্ডপত্র ব্যবহার, বিধি বর্হিভূতভাবে পলিসি সদস্য/প্রকল্প সদস্য অর্ন্তভূক্তি কিংবা এধরনের কোন কার্যক্রম পরিলক্ষিত হলে অডিট অফিসার তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে বিষয়টি লিখিতভাবে গোচরীভূত করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টির উপর জরুরী ভিত্তিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া অডিট প্রতিবেদনে উল্লেখিত বিষয় সমূহ উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/- মুশফেকা ইকফাৎ
নিবন্ধক
(অতিরিক্ত সচিব)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯১৪১১৩১